# Times Today BD

ডেস্ক রিপোর্ট | রংপুর | 08 April, 2025

ফিলিস্তিনের গাজায় গণহত্যার প্রতিবাদে আজও গাইবান্ধার বিভিন্ন উপজেলা শহরে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে ছাত্রদলের নেতাকর্মীসহ সর্বস্তরের জনগণ।

মঙ্গলবার (৮ এপ্রিল) দুপুরে সাদুল্লাপুর, পলাশবাড়ী, গোবিন্দগঞ্জ ও সুন্দরগঞ্জ উপজেলা শহরে জাতীয়তাবাদী ছাত্রদলের ব্যানারে বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়।

মিছিলে ছাত্রদল নেতাকর্মী ছাড়াও যুবদলসহ বিভিন্ন অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতাকর্মীরাও অংশ নেন।এসময় ইসরায়েলের বিচারের দাবিতে নানা ধরণের প্রতিবাদী স্লোগান দেয়া হয়।

এদিকে, সাদুল্লাপুর উপজেলায় সর্বস্তরের সচেতন মুসলিম জনতার ব্যানারে অনুষ্ঠিত বিক্ষোভে অংশগ্রহণ করেন বিভিন্ন রাজনৈতিক ও সামাজিক সংগঠনের নেতাসহ ছাত্র-জনতা।

মঙ্গলবার বাদ যোহর উপজেলা শহরের কেন্দ্রীয় জামে মসজিদ চত্বরে থেকে বিক্ষোভ মিছিলটি বের করা হয়।পরে মিছিলটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে।

পরে চৌমাথা মোড়ে প্রতিবাদ সমাবেশে বক্তারা ফিলিস্তিনের গাজায় নারী ও শিশুসহ মুসলিমদের গণহত্যা বন্ধের দাবিসহ ইসরাইলের সকল ধরণের পণ্য বয়কটের ঘোষণা দেন।

সমাবেশে বক্তব্য রাখেন, সাদুল্লাপুর কেন্দ্রীয় জামে মসজিদের পেশ ইমাম মুফতি মাওলানা জাহিদুল ইসলাম, সাদুল্লাপুর মডেল মসজিদের খতিব মাওলানা মুফতি মাওলানা মাহফুজুর রহমান নোমানী, জামায়াতে ইসলামীর উপজেলা সেক্রেটারি সিরাজুল ইসলাম, গাইবান্ধা জেলা ইসলামী আন্দোলনের সেক্রেটারী মাওলানা আল আমিন, ধাপেরহাট ইউনিয়ন ইমাম-ওলামা পরিষদের সভাপতি মাওলানা মেহেদী হাসান, রসুলপুর ইউনিয়ন ইমাম-ওলামা পরিষদের সভাপতি মাওলানা আরিফুল ইসলাম ও হাফেজ এনায়েতুল মোস্তাফিজ রাসেল প্রমুখ।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 12:34

URL: https://www.timestodaybd.com/public/rangpur/963165504